# Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 20 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) শুরু হয়েছে ছাত্রশিবিরের আয়োজনে তিন দিনব্যাপী 'ইসমাইল আল জাযারি বিজ্ঞান উৎসব'।

আজ মঙ্গলবার (২০মে) দুপুরে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এম. এয়াকুব আলী এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম।

বটতলা চত্বরে আয়োজিত এ উৎসবে অনুষ্ঠিত হচ্ছে বিজ্ঞান অলিম্পিয়াড, প্রজেক্ট ও পোস্টার প্রদর্শনী, কিউব প্রদর্শনীসহ নানা আয়োজন।মেলা প্রাঙ্গণে স্থাপন করা হয়েছে ৫৫টি স্টল।প্রতিযোগিতায় বিজয়ীদের জন্য লক্ষাধিক টাকার পুরস্কার এবং সকল অংশগ্রহণকারীদের জন্য রয়েছে সনদপত্র।এতে কুষ্টিয়া ও ঝিনাইদহ জেলার বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীরা অংশ নিচ্ছেন।

আয়োজকদের একজন বলেন, “আমাদের সমাজে অনেক প্রতিভাবান শিক্ষার্থী রয়েছে, কিন্তু তাদের বিকাশের সুযোগ সীমিত। এ মেলার মাধ্যমে সেই প্রতিভাগুলোর প্রকাশ ঘটানো এবং রাষ্ট্র ও সমাজের নজরে আনা আমাদের উদ্দেশ্য।”

উদ্বোধনী বক্তব্যে ইবি উপাচার্য বলেন, “বিজ্ঞান মেলা নিঃসন্দেহে একটি প্রশংসনীয় উদ্যোগ।ছাত্র সংগঠনগুলো এ ধরনের কার্যক্রমে এগিয়ে এলে শিক্ষার্থীরা উপকৃত হবে।বিশ্ববিদ্যালয় প্রশাসনও এ ধরনের গঠনমূলক আয়োজনে সহযোগিতা করবে।”

ছাত্রশিবির বিজ্ঞান উৎসব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:03

URL: https://www.timestodaybd.com/campus/7128322749